

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
সিলেট বিভাগ, সিলেট।
ddsyl@fireservice.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেটের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সঠিকসময়ে বাস্তবায়ন, সকল কার্যক্রমের মোট অর্জন, অর্জিত মান লিপিবদ্ধকরণ এবং সম্পন্নকৃত কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ, তথ্য অধিকার বাস্তবায়ন নিশ্চিতপূর্বক সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নৈতিকতা উপ কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ মনিরুজ্জামান
উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

সভার তারিখ ও সময় : ২০/০৯/২০২২ খ্রিঃ ও ১২:০০ ঘটিকা।

স্থান : উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট- 'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময়ের পর ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সঠিক সময়ে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃনং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী যথাসময়ে সূচকের মান লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতঃ বাস্তবায়িত সকল কার্যক্রমের প্রমাণক যথাযথভাবে সংগ্রহপূর্বক সংরক্ষণ করে প্রতিবেদন দাখিল করতে হবে।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
২.	পরিদর্শন সার্ভে	স্থায়ী নীতিমালা অনুযায়ী ফায়ার স্টেশন ও কেপিআই ভূক্ত স্থাপনাসমূহের সার্ভে কার্যক্রম জোরদার করতে হবে।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
৩.	জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ	জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব সাইট) হালনাগাদ করণ এবং বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করণ।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
৪.	E-HRM ডাটাবেজ আপডেট	দপ্তর/ফায়ার স্টেশনের সকল কর্মকর্তা ও কর্মচারীদের E-HRM ডাটাবেজ সফটওয়্যার আপডেট রাখতে হবে।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
৫.	সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ	সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে হ্যান্ডবিল, পোস্টার, ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে অগ্নিকান্ড ও যেকোন দুর্ঘটনা প্রতিরোধে করণীয় প্রচারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সহকারী পরিচালক উপসহকারী পরিচালক ও স্টেশন অফিসার
৬.	নির্মাণাধীন প্রকল্প ফায়ার স্টেশন পরিদর্শন	নির্মাণাধীন (কানাইঘাট, কোম্পানীগঞ্জ, বিশ্বনাথ, জুড়ী, লাখাই, বাহবল, জামালগঞ্জ, শাল্লা, ধর্মপাশা) প্রকল্প ফায়ার স্টেশনগুলি সরেজমিনে পরিদর্শনপূর্বক নির্মাণকাজের অগ্রগতি ও ত্রুটি সম্পর্কে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
৭.	সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত	বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে জ্বালানী খাতের বরাদ্দকৃত অর্থের ২০% সাশ্রয়ের সরকারি নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে সড়ক পথে চলাচল হাস কল্পে গুরুত্বপূর্ণ স্থানে টহল ডিউটি সীমিত করণসহ সহকারি পরিচালক ও উপসহকারি পরিচালকগণকে স্ব স্ব কর্মস্থল হতে Zoom meeting এ অংশগ্রহণ ও জ্বালানী সাশ্রয় করতে হবে।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
৮.	অভ্যন্তরীণ অডিট পরিচালনা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী দুর্নীতি প্রতিরোধকল্পে আগামী ৩১/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সকল দপ্তরসমূহে অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করতে হবে।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক
৯.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন	সুশাসন প্রতিষ্ঠা ও মানুষের দোরগোড়ায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর প্রদত্ত বিভিন্ন সেবা প্রদান বিষয়ক, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনের স্টেকহোল্ডারদের (Stakeholders) সমন্বয়ে ০৩ (তিন) মাস অন্তর অন্তর অবহিতকরণ সভার আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মনিরুজ্জামান
উপপরিচালক

স্মারক নং-৫৮.০৩.৬০০০.০০৩.৯৯.১২৬.১৫- ১৪৭৩ (৪৮)

তারিখঃ ০১ আশ্বিন' ১৪২৯
১৯ সেপ্টেম্বর' ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ২। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৩। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,
- ৪। ওয়্যার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট-১/২/৩/৪/৫/৬।
- ৫। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।

মোঃ মনিরুজ্জামান
উপপরিচালক

ফোন-০২৯৯৬৬৪৩৩৯২।

০/৫
২০/৯/২২